যুগান্তর

তারিখ 30 DEC 2005
পৃষ্ঠা ১০ কলাম ৬

চাকরি জাতীয়করণের প্রতিশ্রুতি শিক্ষকদের অনশন ভঙ্গ

যুগান্তর রিপোর্ট

তীব্র আন্দোলনের মুখে শেষ পর্যন্ত দেশের বেসরকারি নিবন্ধনকৃত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের দাবি মেনে নিতে বাধ্য হল সরকার। আগামী পনের দিনের মধ্যে চাকরি জাতীয়করণ ও এক সপ্তাহের মধ্যে এ সংক্রান্ত সব প্রশাসনিক জটিলতা অবসানের আশ্বাস দেয়া হয়েছে। বৃহস্পতিবার রাতে শহীদ মিনারে আমরণ অনশনরত শিক্ষকদের অনশন ভাঙিয়ে প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব হারিছ চৌধুরী এ আশ্বাস দেন। পরে আশ্বাসের প্রেক্ষিতে আনুষ্ঠানিকভাবে

ভঙ্গ : পৃষ্ঠা ২ : কলাম ৪

ভঙ্গ : অনশন

আন্দোলনের সমাপ্তি ঘোষণা করেন আন্দোলন পরিচালনা কমিটির আহ্বায়ক মুক্তিযোদ্ধা আক্কাছ আলী শেখ।

এর আগে বেলা ২টা থেকে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সরকারের সঙ্গে শিক্ষক প্রতিনিধিদের দেড় ঘণ্টাব্যাপী এক আলোচনা হয়। প্রধানমন্ত্রী ঢাকার বাইরে অবস্থান করায় সরকারের পক্ষ থেকে রাতে দাবি মেনে নেয়ার কথা বলা হয়েছিল। সে প্রেক্ষিতে রাত ৮টা ২২ মিনিটে শহীদ মিনারে হারিছ চৌধুরী শিক্ষকদের নেতা আক্কাছ আলী শেখকে পানি পান করিয়ে অনশন ভাঙান। একই সঙ্গে এক সংক্ষিপ্ত বক্তৃতায় তিনি দাবি মেনে নেয়ার এ আশ্বাস দেন। এ সময় তার সঙ্গে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সদস্য নাজিমুদ্দিন আলম।

বেসরকারি শিক্ষক সমিতি এক দফা দাবির প্রেক্ষিতে সোমবার থেকে ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে এ অবস্থান ধর্মঘট ও আমৃত্যু অনশনের ডাক দেয়। দাবি পূরণে বাইশ জন শিক্ষক কাফনের কাপড় পরে আত্মাহুতি দেয়ার দৃঢ় সিদ্ধান্তে এ অনশনে অংশ নেন। পরে বৃহস্পতিবার সকালে সরকারের আশ্বাসের প্রেক্ষিতে দাবি কিছুটা শিথিল করা হয়। দাবিগুলো হল– পর্যায়ক্রমে চাকরি জাতীয়করণ, শতভাগ বেতন প্রদান, পূর্ণাঙ্গ বাড়ি ভাড়া, পূর্ণাঙ্গ চিকিৎসা ভাতা, পূর্ণাঙ্গ বোনাস, প্রধান শিক্ষকের স্কেল প্রদান, চট্টগ্রাম ও সিলেটে '৯৫ সাল পর্যন্ত সাময়িক রেজিস্ট্রেশনপ্রাপ্ত বিদ্যালয়গুলোর পুনঃরেজিস্ট্রেশন আদেশ বাতিল, বিজ্ঞান শিক্ষক নিয়োগ আদেশ বাতিল উল্লেখযোগ্য।

অন্যদিকে দাবি পূরণের আশ্বাস পেয়ে শিক্ষকরা উল্লাস প্রকাশ করেন। দুর্বল শরীর নিয়ে উঠে তারা আনন্দে নানা স্লোগান দিতে থাকেন। এ সময় আক্কাছ আলী শেখ বলেন, আশা করছি সরকার দাবিগুলো খুব শিগগির বাস্তবায়ন করবে। এ সময় কেউ কেউ শহরে তাদের আত্মীয়-স্বজনের বাড়িতে ফিরে যান। অবশিষ্টরা আজ সকালে শহীদ মিনার ত্যাগ করবেন বলে জানা গেছে।